গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা

রেলভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের "রাজবাড়ীতে একটি নতুন ক্যারেজ মেরামত কারখানা নির্মাণের জন্য বিশদ নকশা ও দরপত্র দলিল তৈরীসহ সম্ভাব্যতা সমীক্ষা" শীর্ষক প্রকল্পে প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি)-এর সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : ১০ এপ্রিল, ২০২২, বেলা ১০.৩০ টা |
| স্থান | : রেল ভবনস্থ সম্মেলন কক্ষ (কক্ষ নং-৯৩০), রেলভবন, ঢাকা |

সভায় বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), যুগ্মসচিব (পরিকল্পনা/উন্নয়ন), উপসচিব (পরিকল্পনা-১ /উন্নয়ন-৩), সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৩), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (আর এস), প্রধান পরিকল্পনা কর্মকর্তা, প্রকল্প পরিচালক, জ্যেষ্ঠ পরিকল্পনা কর্মকর্তা-২ উপস্থিত ছিলেন। এছাড়া, সভায় অর্থবিভাগ, পরিকল্পনা বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধিগণ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম, ভৌত অবকাঠামো ও সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধিগন সামাজিক যোগাযোগ মাধ্যমে উপস্থিত ছিলেন। উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' তে সংযুক্ত।

**২.০। উপস্থাপনা ও আলোচনা**

২.১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় প্রকল্প বিষয়ে তথ্যাদি উপস্থাপন করতে বলেন। অত:পর প্রকল্প পরিচালক প্রকল্পটির উদ্দেশ্য, প্রাক্কলিত ব্যয়, কাজের অগ্রগতি তুলে ধরে প্রকল্পটির কার্যকাল বৃদ্ধির যৌক্তিকতা ব্যাখ্যা করেন এবং প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন।

২.২। প্রকল্পটি যথাসময়ে শুরু করতে না পারার কারণ হিসেবে প্রকল্প পরিচালক বলেন, আলোচিত প্রকল্পের DPP মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০৩.০২.২০২০ তারিখে অনুমোদিত হয় এবং ০৫.০২.২০২০ তারিখে প্রশাসনিক আদেশ জারি করা হয়। তবে ২৬.০৩.২০২০ হতে ৩১.০৫.২০২০ পর্যন্ত কোভিড-১৯ মহামারীর কারণে সরকার ঘোষিত সাধারণ ছুটি থাকায় সমীক্ষা কার্যক্রম সম্পাদনের নিমিত্ত কনসালটেন্ট নিয়োগের লক্ষ্যে ২১.০৬.২০২০ তারিখে Expression of Interest (EoI) আহবান করা হয়। EoI Closing date ১৩.০৮.২০২০ তারিখ নির্ধারিত ছিল; কিন্তু কোভিড-১৯ মহামারীর কারণে ও অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের আবেদনের পরিপ্রেক্ষিতে EoI প্রস্তাব দাখিলের সর্বশেষ তারিখ HOPE এর অনুমোদনক্রমে ২ (দুই) বার বৃদ্ধি করে ১৫.০৯.২০২০ তারিখ নির্ধারণ করা হয় এবং দাখিলকৃত প্রস্তাবসমূহ ১৫.০৯.২০২০ তারিখে উন্মুক্ত করা হয়। ১৪টি প্রতিষ্ঠান EoI প্রস্তাবনা দাখিল করেন। প্রস্তাবনাসমূহ যাচাই-বাছাই পূর্বক Proposal Evaluation Committee (PEC) ৩১.০১.২০২১ তারিখে ০৭টি প্রতিষ্ঠানকে চূড়ান্তভাবে Short List ভূক্ত করা হয়। পরবর্তীতে RFP ডকুমেন্ট প্রস্তুত ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক Short List ভূক্ত প্রতিষ্ঠানসমূহকে ১১.০৪.২০২১ তারিখে Request For Proposal (RFP) সরবরাহ করা হয়। Short List ভূক্ত প্রতিষ্ঠানসমূহ বিদেশী হওয়ায় কোভিড-১৯ মহামারি রোধকল্পে সরকার কর্তৃক ঘোষিত সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধের পরিপ্রেক্ষিতে RFP প্রস্তাব দাখিলের তারিখ HOPE এর অনুমোদনক্রমে ৩(তিন) বার বৃদ্ধি করে ২৪.৮.২০২১ তারিখ নির্ধারণ করা হয় এবং ২৪.০৮.২০২১ তারিখে দাখিলকৃত RFP প্রস্তাবসমূহ খোলা হয়। দাখিলকৃত RFP প্রস্তাবসমূহের প্রাথমিক কারিগরি মূল্যায়ন শেষে ১৪.১২.২০২১ তারিখে ১ম PEC সভা এবং ২৩.০১.২০২২ তারিখে ২য় PEC সভা অনুষ্ঠিত হয়। কারিগরি মূল্যায়ন প্রতিবেদন HOPE কর্তৃক অনুমোদিত হয় এবং ১০.০২.২০২২ তারিখে আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হয়। কারিগরি ও আর্থিক মূল্যায়ণে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত যৌথ অংশীদার প্রতিষ্ঠান China Railway SIYUAN Survey and Design group

com.Ltd. এর অংশীদার প্রতিষ্ঠান BETS Consultiing Services Ltd. এবং ২য় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত যৌথ অংশীদার প্রতিষ্ঠান Ardanuy Ingenieria S.A. এর অংশীদার প্রতিষ্ঠান Mazumder Enterprise এর বিপরীতে ক্রয়কার্যে বারিত (Debarred) থাকার কারণে আলোচ্য প্রকল্পে পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করার বিষয়ে মতামত চেয়ে ২৩.০৩.২০২২ তারিখে সিপিটিইউ বরাবর পত্র প্রেরণ করা হয়। সিপিটিইউ এর মতামতের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় বলেন।

প্রকল্পের মেয়াদবৃদ্ধি বিষয়ে তিনি বলেন, কনসালটেন্ট নিয়োগ প্রক্রিয়া এখনও চূড়ান্ত হয়নি। চূড়ান্ত মূল্যায়ন প্রক্রিয়া শেষকরণ, NoA জারীকরণ এবং Contract Agreement সম্পাদন করতে আরো ১/২ মাস সময় প্রয়োজন হতে পারে। অনুমোদিত ডিডিপি অনুযায়ী চুক্তি সম্পাদনের পর ১৬ (ষোল) মাসের মধ্যে বিশদ নকশা ও দরপত্র দলিল তৈরীসহ সম্ভাব্যতা সমীক্ষা কার্যক্রম সম্পাদন করতে হয়। বর্ণিত বিষয়সমূহ বিবেচনায় প্রকল্প সমাপ্তিতে আনুমানিক আরো ২(দুই) বছর অতিরিক্ত সময়ের প্রয়োজন হতে পারে বিধায় প্রকল্পের মেয়াদ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজন হবে মর্মে তিনি সভায় জানান।

২.৩। উপরোক্ত উপস্থাপনার পরিপ্রেক্ষিতে সভাপতি মহোদয় সকল বিষয় বিবেচনায় নিয়ে সভায় অংশগ্রহণকারীদের মতামত ব্যক্ত করতে অনুরোধ করেন। তিনি আরো বলেন, উদ্ভূত নানাবিধ কারণে প্রকল্পটি শুরু **হওয়ার** আগেই সময় বৃদ্ধি করতে হচ্ছে। ভৌত অবকাঠামো বিভাগের যুগ্মপ্রধান বলেন, নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প শেষ করতে হবে। নতুন করে আর কোন অঙ্গ যেন অন্তর্ভূক্ত করতে না হয় সে দিকে **দৃ**ষ্টি দিতে হবে। অর্থ বিভাগের যুগ্মসচিব প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেলে প্রকল্প ব্যয় বৃদ্ধি পায় উল্লেখ করে বলেন, নির্ধারিত সময়ে প্রকল্প শেষ করা উচিত।

২.৪। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বলেন, অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের মধ্যে দুটি প্রতিষ্ঠানের টেন্ডারে অংশগ্রহণে বারিত থাকায় সিপিটিইউ- এর পরামর্শ চাওয়া হয়েছে। এসত্বেও সিপিটিইউ-এর মতামত পাওয়া গেলে সমুদয় কার্যক্রম শেষ করে ১৫ মে, ২০২২ এর মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন সম্ভ**ব** হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরে যাতে আর সময় নিতে না হয় সেজন্য প্রায় ছয় মাস অতিরিক্ত সময়সহ প্রস্তাব করা হয়েছে। তিনি সভায় ব্যয় ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধিতে সুপারিশসহ অগ্রায়ণের জন্য অনুরোধ করেন।

৩.০। **সিদ্ধান্ত**

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে ব্যয় ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাবটি সুপারি**শ**সহ অগ্রায়ণের সিদ্ধান্ত হয়:

**৩.১** প্রকল্পের মেয়াদ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে।

৪.০। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৪/২০২২

(ড. মোঃ হুমায়ুন কবীর)
সচিব